এই প্রশ্নপত্রটিতে ৩০টি প্রশ্ন [ বিভাগ—ক (২০) + বিভাগ—খ (৫) অথবা বিভাগ—গ (৫) ] এবং ৮টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **54/SS/A/B**

সেট **A**

# বাংলা

# (303)

পরীক্ষার দিন ও তারিখ ..............................................................................................

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর    ১. ..............................................................................

২. ..............................................................................

---

*সাধারণ নির্দেশাবলী :*

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং 54/SS/A/B এবং সেট A টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

# বাংলা

## (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15.

## বিভাগ—ক

**1.** (ক) নিম্নলিখিত কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 4

সখীগণ বোলে বালা কীবা মতি তোর।
আপনার রূপ দেখি হইলা বিভোর॥
কোথা সেই নৃপরত্ন বিবাহের স্থলে।
অন্তঃপুরে থাকি চাহ মালা দিতে গলে॥
আপনা রূপ দেখি হইলা এমন।
প্রিয়তম রূপ হেরি করিবা কেমন॥
আন স্থানে মাগো বরমালা নিজ গলে।
এমত করিয়া নাকি বিবাহের স্থলে॥

**অথবা**

বাংলাভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত
চেনা ছবি; মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুমপাড়ানির ছড়া কোন্ সে সুদূরে; সত্তা তার
আশাবরী। নানি বিষাদসিন্ধুর স্পন্দে দুলে দুলে
রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া, আর
একুশের প্রথম প্রভাতফেরি—অলৌকিক ভোর।

(খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন : 2

নাজমা, ওটাই নয়, নয় শেষ কথা
আমরা আছি হাত ধরে তোর পাশে
পাপের ভরা পূর্ণ পৃথিবীতে
এবার বাঁচার একটাই পথ; ওঠা।

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো **দুটির** উত্তর **30–35**টি শব্দের মধ্যে লিখুন : 2×2=4

(ক) ‘কাশীরাম দাস’ কবিতায় সংস্কৃত হ্রদকে মহাদেবের জটার সঙ্গে তুলনা কি যুক্তিযুক্ত? সংক্ষেপে লিখুন।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘প্রশ্ন’ কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় সংক্ষেপে লিখুন।

(গ) চণ্ডীদাসের ‘রাধার কি হৈল অন্তরে ব্যথা’ কবিতায় কবি কীভাবে কালিয়া বঁধুর সঙ্গে রাধার নব পরিচয় ঘটার বিষয়টি উপলব্ধি করলেন?

(ঘ) ‘নারী’ কবিতায় কবি শয়তানদের ক্লীব বলেছেন কেন, সংক্ষেপে ব্যাখ্যা করুন।

**3.** ‘নাজমা’ কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে লিখুন। 2

**4.** বৈষ্ণব পদাবলীর সাধারণ পরিচয় সংক্ষেপে লিখুন। 2

**5.** নিম্নলিখিত পংক্তিগুলিতে নিহিত ছন্দ ও অলংকারগুলির উল্লেখ করুন : 2

গুরুগুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে
গরজে গগনে।

**6.** নিম্নলিখিত কবিতাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়।
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ। এই বসুধার
মৃত্তিকার পাত্রখানি ভরি’ বারংবার
তোমার অমৃত ঢালি দিবে অবিরত
নানা বর্ণ গন্ধময়।

(ক) কবি কীভাবে মুক্তি পেতে চাইছেন?

(খ) ‘বৈরাগ্য সাধনে মুক্তি’-এর অর্থ পরিষ্কার করুন।

(গ) ‘বসুধা’ কথার প্রতিশব্দটি লিখুন।

(ঘ) নানা বর্ণ গন্ধময় অমৃত বলতে কী বোঝানো হয়েছে?

**7.** নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6

সে শিক্ষা যদি আমাদের থাকত তাহলে ঐতিহাসিক কুহেলিকা-সমাচ্ছন্ন প্রাচীনকাল থেকে আমরা খুঁজে খুঁজে কতকগুলো অসম্ভব তথ্য আমাদের আত্মশ্লাঘা চরিতার্থ করবার জন্য বার করবার ভান করতাম না এবং সেইগুলো নিয়ে অহংকারে স্ফীত হয়ে আধুনিক সমস্যা সকলকে উপেক্ষা করে ‘তাইরে-নারে-না’ গেয়ে ঘুরে বেড়াতাম না।

অথবা

তুমিতো আমাদের মত সোজা মানুষ নও—তুমি দেশের জন্য সমস্ত দিয়াছ, তাইত দেশের খেয়াতরী তোমাকে বহিতে পারে না, সাঁতার দিয়া তোমাকে পদ্মা পার হইতে হয়, তাইত দেশের রাজপথ তোমার কাছে রুদ্ধ, দুর্গম পাহাড়-পর্বত তোমাকে ডিঙাইয়া চলিতে হয়; কোনো বিস্মৃত অতীতে তোমার জন্যই ত প্রথম শৃঙ্খল রচিত হইয়াছিল, কারাগার শুধু তোমাকে মনে করিয়াই প্রথম নির্মিত হইয়াছিল, সেইত তোমার গৌরব!

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

(ক) তাঁতি মদন কেন সুতোহীন তাঁত চালিয়েছিল খুব সংক্ষেপে বুঝিয়ে দিন। 2

(খ) বিড়ালকে চোর বলতে কমলাকান্তের দ্বিধার কারণ কী? 1

(গ) গ্যালিলিও অ্যারিস্টটলের বিরোধী হলেন কেন, দুটি বাক্যে উত্তর দিন। 2

(ঘ) ডাক্তারি জীবন শুরু করার সময় ডাক্তারদের রোগীর সেবার একটি শপথ নিতে হয়। 'নীলকণ্ঠ' নাটক অবলম্বনে লিখুন পোর্টফোলিও এই ডাক্তারবাবুর শপথকে অসত্য বলে বিদ্রূপ করলেন কেন? 2

**9.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 2

(ক) 'শিলাইদহ থেকে' গদ্যাংশটি একটি পত্রসাহিত্যের নমুনা। পত্রটি রবীন্দ্রনাথ লিখেছিলেন তাঁর ভাইঝি (বিবি) ইন্দিরা দেবীকে। এটি যে যথার্থই পত্রসাহিত্য-গুণান্বিত তা কিছু উদাহরণের সাহায্যে আলোচনা করুন।

(খ) "মহাপাত্র মাথা নাড়িয়া অস্বীকার করিয়া কহিল, আজ্ঞে না, মাইরি, খাইনে। তবে ইয়ার বন্ধু কেউ তৈরি করে দিতে বললেই দিই,—এইমাত্র।" মহাপাত্রের মুখে যে ভাষা শোনা যাচ্ছে তা কোন্ শ্রেণির ভাষা? এ ভাষা ব্যবহার করা হল কেন?

**10.** নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

বাংলাদেশে একদা-প্রবর্তিত ইংরেজি শিক্ষা ছিল এদেশের মাটি ও মানুষ থেকে বিচ্ছিন্ন। সেই হেতু সম্পূর্ণ ব্যর্থ। কালক্রমে, তার ওপর সম্প্রসারিত হল বাংলা সাহিত্যের অনিবার্য প্রভাব। ফলে, বিচ্ছিন্নতার পরিবর্তে বাঙালির মধ্যে ঐক্য-চেতনা, আত্মবিশ্বাস ও প্রাণশক্তির হল স্বতঃস্ফূর্ত উন্মেষ। কাজেই, কোনো বিদেশি ভাষায় নয়, মাতৃভাষাতেই প্রতিষ্ঠিত হল বাঙালির জন্মগত অধিকার।

(ক) একদা-প্রবর্তিত ইংরেজি শিক্ষা বাংলাদেশে সম্পূর্ণ ব্যর্থ হল কেন?

(খ) কালক্রমে তার ওপর কোন্ সাহিত্যের প্রভাব পড়ল?

(গ) এর ফল কী হল?

(ঘ) মাতৃভাষাতেই বাঙালির জন্মগত অধিকার জন্মাল কেন?

**11.** 'আরণ্যক' উপন্যাসে সরস্বতী কুণ্ডী সম্পর্কে আমিন রঘুবর প্রসাদের ধারণাটি স্পষ্ট করুন। 4

**অথবা**

"ভানুমতী রাজকন্যা বটে, কিন্তু বেশ অমায়িক স্বভাবের রাজকন্যা।" উক্তিটির প্রেক্ষিতে ভানুমতীর পরিচয় সংক্ষেপে লিখুন।

**12.** যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর লিখুন : 1×4=4

(ক) ঘাটো কী জিনিস ?

(খ) রাম বিরিজ যখন এল, সত্যচরণ কী করছিলেন ?

(গ) ননীচোরা নাটুয়ার আসল নাম কী ?

(ঘ) টাঁড়বারো কীসের দেবতা ?

(ঙ) "কাছারিতে কথাটা তখনই রাষ্ট্র হইয়া গেল।" কোন্ কথা ?

**13.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 2×5=10

(ক) গঠনগত দিক দিয়ে (সরল/জটিল/যৌগিক/মিশ্র) নীচের বাক্যটি কোনটির মধ্যে পড়ে এবং কেন ?

সন্ধ্যে হলে আমরা বাড়ি ফিরলাম।

(খ) নীচে দাগ দেওয়া শব্দগুলি কী জাতীয় শব্দ ? তৎসম, তদ্ভব, অর্ধতৎসম না দেশি শব্দ ?

<u>সূর্য</u> ঠিক মাথার উপরে, <u>রোদ্দুরে</u> আর থাকা গেল না।

(গ) প্রত্যয় ভেঙে দেখান :

ঐতিহাসিক ; ভাবুক।

(ঘ) নীচের ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন :

জগতে বিখ্যাত ; সত্য বলে যে।

(ঙ) নীচের চলিতরীতির বাক্যটিকে সাধুরীতিতে পরিবর্তন করুন :

চিঠিটা ভাঁজ করে খামে পুরতে বললেন বাবা।

**14.** যে কোনো **একটি** বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : 4

(ক) দেশের জনজীবনে যে অসন্তোষ এবং উত্তেজনা তৈরি হয়েছে সমাজে তার প্রতিক্রিয়া কী হচ্ছে, সে সম্বন্ধে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

(খ) দেশের প্রায় সর্বত্র নারীদের (বালিকা/যৌবনবতী/পরিণত বয়সের) লাঞ্ছনা এবং অবমাননা বেড়ে চলেছে তার কথা উল্লেখ করে প্রতিকার-সম্ভাবনার কথা লিখুন।

**15.** আপনি সারাদিন কাজের পর সন্ধ্যায় বাড়ি ফিরে দেখলেন বহুদিন পর আপনার প্রিয় বন্ধু আপনার সঙ্গে দেখা করতে এসেছেন। তাঁকে দেখে আপনার কী প্রতিক্রিয়া হল, অনধিক *40* টি শব্দে লিখুন। 2

**অথবা**

ধরুন আপনার বাড়িতে একটি বেলগাছ ও একটি নিমগাছ আছে। সে গাছ দুটিতে কত রকমের পাখি বেশ কিছু আগে পর্যন্ত কিচিরমিচির করত আর সকালে ঘুম ভেঙে যেত—কী ভালোই না লাগত। তারপর প্রায় ৩/৪ বছর একটি পাখিরও দেখা নেই। হঠাৎ গত পরশু আবার সেই কিচিরমিচির। আপনার কী প্রতিক্রিয়া হল, অনধিক *40* টি শব্দে লিখুন।

**16.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর করুন : 1×3=3

জীবনের সাফল্য অনেকাংশে নির্ভর করে সবল স্বাস্থ্যের উপর। দেহ কর্মক্ষম রেখে পরিচ্ছন্নতা, নির্মল বায়ুসেবন, নিয়মিত অভ্যেস ও পরিমিত আমোদ-প্রমোদের মাধ্যমে নিজেকে সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রামের জন্য শরীরকে বলিষ্ঠ করে তোলাই সকলের উচিত। দেহের শক্তিক্ষয়কারী সমস্ত কিছু থেকে বিরত থাকা কর্তব্য। যৌবনে ধূমপান করলে দেহের উন্নতি ব্যাহত হয় এবং মস্তিষ্ক আচ্ছন্ন হয়।

(ক) এর একটি উপযুক্ত শিরোনাম দিন।

(খ) দেহ কর্মক্ষম রাখতে কী কী করা উচিত?

(গ) দেহের ও মস্তিষ্কের শক্তিক্ষয়কারী সর্বাপেক্ষা শত্রু কে?

**17.** নীচের যে কোনো **একটি** প্রশ্নের উত্তর করুন : 4

(ক) কেশপুরে কৃষক আছেন 35%, ক্ষেতমজুর 20%, চাকরিজীবী 5%, স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্য 20% এবং পড়ুয়ার সংখ্যা 20%। একটি পাই চার্ট (Pie chart)-এর সাহায্যে তুলে ধরুন।

(খ) বিভিন্ন সরকারি হাসপাতালে কর্মরত চারজন হৃদ-রোগ বিশেষজ্ঞকে জনস্বার্থে বিভিন্ন জেলার সরকারি হাসপাতালে বদলির আদেশনামা লিখুন।

**18.** যে কোনো **একটি** বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন : 8

(ক) 'একটি গাছ, একটি প্রাণ'

(খ) বইমেলায় আপনার অভিজ্ঞতা

(গ) পশ্চিমবঙ্গে বর্ষা

(ঘ) বিজ্ঞান ও কুসংস্কার

**19.** চিঠি লেখার রীতিনীতি মেনে যে কোনো **একটি** বিষয়ে একটি চিঠি লিখুন : 4

(ক) বিগত ১লা বৈশাখ আপনাদের হস্টেলে কীভাবে নববর্ষ উৎসব উদ্‌যাপন করলেন, সে বিষয়ে বন্ধুকে একটি চিঠি লিখুন।

(খ) দুর্ভাগ্যক্রমে আপনার এক নিকট বন্ধুর ক্যান্সার—সে খুবই গরিব, চিকিৎসা চালাবার ক্ষমতা নেই, বাবা—আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধব, পরিচিতজনের কাছে চিঠি লিখে সাহায্য চেয়ে পাঠান।

**20.** নীচের গদ্যাংশ বা পদ্যাংশটির সারাংশ লিখুন : 3

'রামায়ণ'-এ যদি কোনো চরিত্র আদর্শ বলিয়া গ্রহণ করা যায়, তবে তাহা একমাত্র ভরতের চরিত্র। সীতা লক্ষ্মণকে যে কটূক্তি করিয়াছিলেন, তাহার ক্ষমাই নাই। রামচন্দ্রের বালিবধ ইত্যাদি অনেক কার্যই সমর্থন করা যায় না। লক্ষ্মণের কথা অনেকসময় রুক্ষ ও দুর্বিনীত হইয়াছে। কৌশল্যা দশরথকে বলিয়াছিলেন—"কোনো কোনো জলজন্তু যেমন স্বীয় সন্তানকে ভক্ষণ করে, তুমিও সেইরূপ করিয়াছ।" কিন্তু ভরতের চরিত্রে কোনো খুঁত নাই।

**অথবা**

পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবনমন সকলি দাও।
তার মতো সুখ কোথাও কি আছে,
আপনার কথা ভুলিয়া যাও।
... ... ... ... ...
আপনারে লয়ে বিব্রত রহিতে,
আসে নাই কেহ অবনি 'পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

## বিভাগ—খ

## ( পর্যটন )

**21.** ‘পর্যটন’-এর সংজ্ঞা লিখুন। 1

**22.** ‘অভয়ারণ্য’ বলতে কী বোঝায়? 1

**23.** পর্যটনে বিমান পরিবহনের গুরুত্ব কী? 1

**24.** ট্রাভেল এজেন্সির কাজ কী, বুঝিয়ে দিন। 3

**25.** (ক) পর্যটনের মধ্য দিয়ে দুরকম পরোক্ষ রপ্তানির নাম উল্লেখ করুন। 2

(খ) পর্যটন কীভাবে দেশের অর্থনৈতিক উন্নতিতে শ্রীবৃদ্ধি আনে—তা পর্যালোচনা করুন। 7

## বিভাগ—গ

## ( গণজ্ঞাপন )

**21.** শিক্ষামূলক টেলিভিশন অনুষ্ঠানের একটি উদাহরণ দিন। 1

**22.** টেলিভিশনের দুটি আঙ্গিক উল্লেখ করে বুঝিয়ে দিন। 2

**23.** গণজ্ঞাপন ও গণমাধ্যমের মধ্যে সম্পর্কটি বুঝিয়ে দিন। 3

**24.** এখনও চলছে এমন তিনটি চিরাচরিত মাধ্যমের নাম উল্লেখ করে এখনও এদের উপযোগিতা আছে কিনা, লিখুন। 3

**25.** রেডিও বা বেতারের কয়েকটি সীমাবদ্ধতা উল্লেখ করে এর কারণ সম্বন্ধে সংক্ষেপে লিখুন। এতদ্‌সত্ত্বেও একসময়ে এগুলির আকর্ষণ যে তীব্র ছিল সে সম্বন্ধে সংক্ষেপে লিখুন। 6

★ ★ ★